

## 💵 প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - তাহারাত বা পবিত্রতা রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নুরুল ইসলাম

২৪. পেশাব-পায়খানার সময় কি কি কাজ করলে মাকরূহ হয়?

- ১. আল্লাহর নাম সম্বলিত লেখা বা অন্যকিছু সাথে রাখা। (আবু দাউদ: ১৯)।
- ২. কথা বলা, সালাম দেওয়া, সালামের জবাব দেওয়া । (মুসলিম: ৩৭০)
- ৩. হাচি আসলে 'আল-হামদুলিল্লাহা বলা এবং অন্য কেউ আল-হামদুলিল্লাহা বললে এরও জবাব দেওয়া।
- ৪. প্রবাহমান বাতাসের মুখোমুখী হয়ে বসা। এতে পেশাবের ছিটাফোটা গায়ে এসে পড়তে পারে।
- ৫. কোন গর্তের মধ্যে পেশাব করা (আবু দাউদ)। কেননা, গর্তে সাপ, বিচ্ছু ও জিন থাকে।
- ৬. যেখানে গোসল করবে সে একই জায়গায় প্রস্রাব করা । (আবু দাউদ: ২৭)।
- ৭. স্রোতস্বিনী পানিতে প্রস্রাব করা ।
- ৮. ঘুম থেকে উঠে হাত ধোয়ার আগে পানির পাত্রে হাত ঢুকানো। (বুখারী: ১৬২)।
- ৯. পেশাব শেষে পুরুষাঙ্গ ধরে জনসমক্ষে ৪০ কদম হাঁটা। এমন হাঁটাহাঁটির কথা নবীজী (স) কখনো বলেননি, নিজেও করেননি। এটা কোন সুন্নাত কাজ নয়, বরং এটি একটি নির্লজ্জ কাজ। মক্কা-মদীনার উলামায়ে কিলাম কেউই এমন ধরনের গর্হিত কাজ করেন না।
- ১০. ঘরে কোন পাত্রে পেশাব জমিয়ে রাখা।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12756

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন